



## ইক্ষু গবেষণা উচ্চ বিদ্যালয়

ঈশ্বরদী, পাবনা

(বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের একটি প্রতিষ্ঠান)

ডাকঘর : ঈশ্বরদী (৬৬২০), উপজেলা : ঈশ্বরদী (৩০০২), জেলা : পাবনা (৩০), বিদ্যালয় কোড : ৩০৯৬, কেন্দ্র কোড : ৩৩৮ সি


EIIN no. : ১২৫৫০১, E-mail : [ighighschool@gmail.com](mailto:ighighschool@gmail.com) মোবাইল নং : ০১৩০৯-১২৫৫০১

### ভর্তি বিজ্ঞপ্তি (সময় বর্ধিতকরণ)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৫১১ তারিখ- ০৮/১২/২০২১ খ্রি. মোতাবেক লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের কার্যক্রম ১০/১২/২০২১ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত সময় বর্ধিতকরণ করা হয়েছে। অত্র বিদ্যালয়ের ২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ভর্তি কমিটি নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

#### সিদ্ধান্ত :

- ১। আগামী ১০/১২/২০২১ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত আবেদনপত্র গ্রহণ করা হবে।
- ২। আগামী ১৫/১২/২০২১ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় লটারির মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- ৩। আগামী ১২/১২/২০২১ ও ১৩/১২/২০২১ তারিখে বিদ্যালয় হতে প্রাপ্তি স্বীকার পত্র সংগ্রহ করতে হবে।

  
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)



## ইক্ষু গবেষণা উচ্চ বিদ্যালয়

ঈশ্বরদী, পাবনা

(বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের একটি প্রতিষ্ঠান)

ডাকঘর : ঈশ্বরদী (৬৬২০), উপজেলা : ঈশ্বরদী (৩০০২), জেলা : পাবনা (৩০), বিদ্যালয় কোড : ৩০৯৬, কেন্দ্র কোড : ৩৩৮ সি

EIIN no. : ১২৫৫০১, E-mail : [ighighschool@gmail.com](mailto:ighighschool@gmail.com) মোবাইল নং : ০১৩০৯-১২৫৫০১

### ভর্তি বিজ্ঞপ্তি (সময় বর্ধিতকরণ)

ইক্ষু গবেষণা উচ্চ বিদ্যালয়ের ২০২২ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির নির্দেশনাবলী নিম্নরূপ :

- ৬ষ্ঠ শ্রেণির ভর্তি ফরম বিএসআরআই এর ওয়েবসাইট ([www.bsri.gov.bd](http://www.bsri.gov.bd)) থেকে সংগ্রহপূর্বক পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ২৫/১১/২০২১ তারিখ থেকে ১০/১২/২০২১ তারিখ রাত ১২:০০ ঘটিকার মধ্যে বিদ্যালয়ে জমা দিতে হবে এবং আগামী ১২/১২/২০২১ ও ১৩/১২/২০২১ তারিখে বিদ্যালয় হতে প্রাপ্তি স্বীকার পত্র সংগ্রহ করতে হবে।
- ভর্তি ফরম এর মূল্য বাবদ ১১০/- (একশত দশ) টাকা জনতা ব্যাংক, বিএসআরআই শাখায় ইক্ষু গবেষণা উচ্চ বিদ্যালয়, সঞ্চয়ী হিসাব নম্বর- ০১০০০৪৬২৩৭৪৮৪ এর অনুকূলে জমা প্রদানের রশিদ (মূলকপি) সংযুক্ত করতে হবে এবং রশিদের ফটোকপি সংরক্ষণ করতে হবে।

আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্রাদি জমা দিতে হবে :

(সকল কাগজ পত্রের ফটোকপি এবং ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)

- ২০২১ সালে পঞ্চম শ্রেণি পাসের প্রত্যয়ন পত্রের ফটোকপি।
- শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি।
- পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- বর্তমান ঠিকানার প্রমাণস্বরূপ মেয়র/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলরের প্রত্যয়নপত্র।
- শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি।
- মুক্তিযোদ্ধা কোটায় ভর্তি ইচ্ছুক প্রার্থীদের আবেদনপত্রের সাথে প্রার্থীতার স্বপক্ষে নিম্নের সনদপত্রসমূহের ফটোকপি সংযুক্ত করতে হবে।
  - মুক্তিযোদ্ধার সনদপত্রের ফটোকপি।
  - গেজেট নং/মুক্তিবর্তা পাতা নং/বামুস সনদ/ভারতীয় তালিকার ফটোকপি।
  - মুক্তিযোদ্ধা পোষ্যদের প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রত্যয়ন পত্র।
- ভর্তির আবেদনপত্রের সাথে প্রকাশিত অঙ্গীকারনামা স্বাক্ষর করে জমা দিতে হবে।

#### অঙ্গীকারনামা

- আমি শপথ করছি যে, আবেদন পত্রে উল্লেখিত বিবরণসমূহ সত্য ও যথাযথ এবং যদি ইহার কোনটি মিথ্যা প্রমাণিত হয় তবে কর্তৃপক্ষ আমার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।
- আমি শপথ করছি যে, বিদ্যালয়ে ভর্তি হওয়ার পর থেকে বিদ্যালয়ের আইন-কানুনসমূহ যথারীতি মেনে চলবো এবং কোন পরিস্থিতিতেই আমি তা ভঙ্গ করবো না। বিদ্যালয়ের আইন-কানুন ভঙ্গ করলে আমার বিরুদ্ধে বিদ্যালয়ের বিধি অনুসারে ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।
- আমি শপথপূর্বক ঘোষণা করছি যে, অত্র বিদ্যালয়ে অধ্যয়নকালে আমি কোন প্রকার রাষ্ট্রবিরোধী ও নাশকতামূলক কার্যক্রমে জড়িত হবো না অথবা অন্যকোনো শিক্ষার্থীর পক্ষে অশোভন হয় এমন কোন উচ্ছৃঙ্খলমূলক আচরণ করবো না।
- আমি আরো শপথ করে বলছি যে, সাময়িক কোন পরীক্ষা এবং জেএসসি ও এসএসসি পরীক্ষার পূর্বে নির্বাচনী পরীক্ষায় কৃতকার্য হতে না পারলে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন আবেদন বা সুপারিশ করবো না।

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

#### অভিভাবকের ঘোষণাপত্র

- আমার পোষ্য প্রদত্ত তথ্যাদি সম্পূর্ণ সত্য। কোনটি মিথ্যা প্রমাণিত হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সম্পূর্ণ অধিকার প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত।
- আমার পোষ্য যাতে বিদ্যালয়ের আইন-শৃঙ্খলা মেনে চলে সেদিকে লক্ষ রাখবো।
- নবম শ্রেণিতে বিভাগ নির্ধারণের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।
- সাময়িক পরীক্ষা এবং জেএসসি ও এসএসসি পরীক্ষার পূর্বে অনুষ্ঠিত নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য হলে সে ব্যাপারে কোনরূপ সুপারিশ করবো না এবং বিদ্যালয়ের প্রচলিত বিধান অনুযায়ী যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।
- আমার পোষ্যকে অত্র প্রতিষ্ঠানে ভর্তির পাশাপাশি অন্য প্রতিষ্ঠানে বা কোচিং এ ভর্তি করলে এখানকার ভর্তি বাতিল বলে মেনে নিতে বাধ্য থাকবো।

অভিভাবকের স্বাক্ষর

\*\*\* সরকারি সিদ্ধান্ত মোতাবেক ১৫/১২/২০২১ তারিখে লটারি অনুষ্ঠিত হবে এবং ৩০/১২/২০২১ তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

ইক্ষু গবেষণা উচ্চ বিদ্যালয়, ঈশ্বরদী, পাবনা।